

## দলিতদের উপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবিতে তালায় প্রতিবাদ সমাবেশ; ব্যবস্থা না নিলে কঠোর আন্দোলন

দলিত শ্রেণীর উপর নির্যাতনকারীদের অবিলম্বে গ্রেফতার ও নির্যাতনকারী ফকরুল ইসলাম ও জাহিদুল ইসলামের দৃষ্টান্তমূলক শাস্তি দাবিতে এক প্রতিবাদ সভা বাংলাদেশ দলিত পরিষদের আয়োজনে বাস্‌ড্রায়িত হয়েছে। ০৯ জুলাই'১১ ইং তারিখ তালায় প্রাণকেন্দ্র ডাকবাংলার মোড়ে বেলা ৪.০০ ঘটিকায় বাংলাদেশ দলিত পরিষদ তালা উপজেলার সভাপতি প্রবীর দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ দলিত পরিষদের সভাপতি বাবু উদয় দাস, সমন্বয়কারী বিকাশ দাস, কেশবপুর উপজেলা দলিত পরিষদের সভাপতি উজ্জ্বল দাস, অজয় মন্ডল, অনিমা রানী দাস, অসীম দাস প্রমুখ। সমাবেশে বক্তারা এহেন ন্যাক্কারজনক মধ্যযুগীয় বর্বরতার বিরুদ্ধে রুখে দাড়ানোর আহবান জানান এবং আগামী ৭২ ঘণ্টার আসামী গ্রেফতারসহ দৃষ্টান্তমূলক শাস্তি ব্যবস্থা গ্রহণে প্রশাসন ব্যর্থ হলে সারাদেশে কঠোর আন্দোলন গড়ে তোলার আল্টিমেটাম দেন দলিত পরিষদের নেতৃবৃন্দ। সমাবেশে আরও বক্তব্য রাখেন ভূমিজের সমন্বয়কারী অচিন্ত সাহা জেএসডি এর সা. সম্পাদক মীর জিলুর রহমান, মীর রফিকুল ইসলাম, সাংবাদিক জলিল আহমেদ, শিক্ষক শ্যামল চৌধুরী, প্রভাষক তপন কুমার চন্দ, প্রমুখ। সমাবেশে নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি সাহ দলিত জনগোষ্ঠীর পাশে থাকার প্রতিশ্রুতি দিয়ে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান ঘোষ সনৎ কুমার। তিনি আরও বলেন এহেন ঘটনায় প্রশাসনের কোনরকম নীরব ভূমিকা মেনে নেওয়া হবে না। প্রায় অর্ধ সহস্রাধিক মানুষের অংশগ্রহণে উক্ত সমাবেশে তালা থানার ওসি অবিলম্বে এই নির্যাতনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করলে তার বিরুদ্ধে অবস্থান নেওয়া হবে বলে হুঁশিয়ারী উচ্চারণ করে ও আগামীতে বিক্ষোভ সমাবেশের ঘোষণা দেন দলিত পরিষদের নেতৃবৃন্দ ও সচেতন নাগরিক সমাজ।

উলে-খ্য যে, গত ৮ জুলাই'১১ ইং তারিখ সকালে ইসলামকাটির সৃজনশাহা নামক স্থানে মনোরঞ্জন মন্ডল ও তার শিশুপুত্র বিজয় মন্ডল শূকরকে চরানোর জন্য প্রকাশ্য দিবালোকে ভারী অস্ত্র দিয়ে স্থানীয় মণিরুল ইসলামের ছেলে ফকরুল ইসলাম ও নুল ইসলামের ছেলে জাহিদুল ইসলাম বেদম মারপিট করে। গুরুতর আহত অবস্থায় এলাকার লোকজন তাদের তালা সদর হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় থানা মামলা নিতে বিভিন্ন অজুহাতের আশ্রয় নিলে দলিত জনগোষ্ঠীর মানুষরা এই প্রতিবাদ সমাবেশ বাস্‌ড্রায়ন করে।